ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*******

স-৭৩৫

বিলোনীয়া, ১৬ মে, ২০২৫

**ঋষ্যমুখ ব্লকে বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পে বিভিন্ন কাজ**

গত অর্থবছরে ঋষ্যমুখ ব্লক এলাকায় বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পে বিভিন্ন উন্নয়নমূলক কাজ করা হয়েছে। শত্রুঘ্ন পাড়া হাইস্কুলে ৯ লক্ষ ৭৩ হাজার ৮১৮ টাকা ব্যয়ে সাইকেল স্ট্যান্ড ও জলের ট্যাঙ্ক তৈরি করা হয়েছে। সাড়াসীমার নাথপাড়াতে সাংস্কৃতিক মঞ্চ তৈরি করা হয়েছে। ব্যয় হয়েছে ৮৫ হাজার ৪৭০ টাকা। শ্রীপুরের দুর্গাবাড়িতে আরেকটি সাংস্কৃতিক মঞ্চ তৈরি করা হয়েছে। ব্যয় হয়েছে ৪ লক্ষ ৫৫ হাজার ৭৭৪ টাকা। এছাড়া দক্ষিণ মতাইয়ে মতাই-হরিপুর রাস্তায় রিটেইনিং ওয়াল তৈরি করা হয়েছে। ব্যয় হয়েছে ১ লক্ষ ৫৮ হাজার ৩৫০ টাকা। বিলোনীয়া মহকুমা শাসক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*******